



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ অনুমোদন শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.২৭

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯

২৭ জুলাই ২০২২

বিষয়: খুলনা জেলার খালিশপুর থানাধীন মাওলানা ভাসানী বিদ্যাপীঠ -এর ফিন্যান্স ব্যাংকিং ও বীমা বিষয়ের প্রভাষক জনাব মো: জাকারিয়া-এর চাকুরী হতে বরখাস্তের আবেদন অনুমোদন করা প্রসঙ্গে

সূত্র: ক) অধ্যক্ষের ১০-০৯-২০২০ খ্রি. তারিখের আবেদন

খ) আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির গত ১৬-০৬-২০২২ খ্রি. তারিখের ৭৪ তম সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার খালিশপুর থানাধীন মাওলানা ভাসানী বিদ্যাপীঠ-এর ব্যবসায় শিক্ষা শাখার ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা বিষয়ের প্রভাষক জনাব মো: জাকারিয়াকে কর্তব্যে অবহেলা, ধৃষ্টতামূলক আচরণ এবং অন্যান্য পেশাগত অসদাচরণের সুনির্দিষ্ট অভিযোগের পরিপ্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ তাকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করে।

পরবর্তীতে গভর্নিং বডির সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ তাকে চাকুরী হতে বরখাস্তকরণের প্রস্তাব অনুমোদন করার জন্য বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটিতে ১০-০৯-২০২০ খ্রি. তারিখে আবেদন করেন। কলেজ কর্তৃপক্ষের আবেদনের বিষয়টি এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির গত ১৬-০৬-২০২২ খ্রি. তারিখের ৭৪ তম সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভায় বাদী উপস্থিত, বিবাদী অনুপস্থিত ছিলেন। বিবাদী বিগত ০৪ টি সভায় অনুপস্থিত ছিলেন। বাদী পক্ষের উপস্থিতিতে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি বিশদভাবে পর্যালোচনা করা হয়। অধ্যক্ষ জানান যে, সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মো: জাকারিয়া দীর্ঘদিন যাবত বিনা অনুমতিতে কলেজে অনুপস্থিত আছেন, তাকে বার বার কর্মস্থলে যোগদান করার জন্য নোটিশ প্রদান করা হলেও তিনি কর্মস্থলে যোগদান করেননি। অধ্যক্ষ আরও জানান যে, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের শিক্ষক দীর্ঘদিন অনুপস্থিত থাকায় শিক্ষার্থীদের পড়ালেখার খুবই অসুবিধা হচ্ছে। দীর্ঘ শুনানীর পর কলেজের স্বার্থে এবং ন্যায় বিচারের স্বার্থে খুলনা জেলার খালিশপুর থানাধীন মাওলানা ভাসানী বিদ্যাপীঠ-এর ব্যবসায় শিক্ষা শাখার ফিন্যান্স ব্যাংকিং ও বীমা বিষয়ের প্রভাষক জনাব মো: জাকারিয়া-এর চাকুরী হতে বরখাস্তকরণের প্রস্তাব অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, গত ১৬-০৬-২০২২ খ্রি. তারিখের এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৪তম সভার সিদ্ধান্ত মোতাবেক কর্তব্যে অবহেলা, ধৃষ্টতামূলক আচরণ এবং কলেজ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে দীর্ঘ দিন যাবত অনুপস্থিত থাকায় খুলনা জেলার খালিশপুর থানাধীন মাওলানা ভাসানী বিদ্যাপীঠ-এর ব্যবসায় শিক্ষা শাখার ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা বিষয়ের প্রভাষক জনাব মো: জাকারিয়া-এর চাকুরী হতে বরখাস্তকরণের আবেদন নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

২৭-৭-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

সভাপতি, গভর্নিং বডি, মাওলানা ভাসানী বিদ্যাপীঠ
খালিশপুর খুলনা

ইমেইল: ic@jessoreboard.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.২৭/১(৫)

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯
২৭ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, খুলনা
- ৩) অধ্যক্ষ, মাওলানা ভাষানী বিদ্যাপীঠ, খালিশপুর, খুলনা
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



২৭-৭-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক